



বাংলাদেশ ধানগবেষণা ইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur-1701

Telephone: PABX: 880-2-9294117-21, 9264118, 9264127, 9264165, 9264154, 9264184

E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd, Website: www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/১৬/৭৪

তারিখ : ০৫-০৪-২০১৭

বিষয়ঃ ০৩/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময়	: ০৩/০৪/২০১৭, সকাল-১২.০০ ঘটিকা
স্থান	: ব্রি সভাকক্ষ
সভাপতি	: ড. মোঃ শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সা.প) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	: পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহ্বায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মোঃ শাহজাহান কবীর সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র ওয়েবসাইট হালনাগাদসহ ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: উদ্ভাবন বিষয়ক সফল কার্যক্রম চলমান পার্শ্ববর্তী এমন দেশসমূহে উদ্ভাবন সংক্রান্ত অভিজ্ঞতা আদান-প্রদানের লক্ষ্যে ইনোভেশন টিমের স্বল্প মেয়াদে প্রশিক্ষণের ক্ষেত্রে এর প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও পরামর্শ গ্রহণ করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত ২: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রিতে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মশালা এপ্রিল/২০১৭ এর মধ্যে আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের 'রিসোর্স পার্সনস' পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৩: প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ একসেস টু ইনফরমেশন (এটুআই) কর্তৃক আয়োজিত ০৫ (পাঁচ) দিন ব্যাপি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) এ অংশগ্রহণ ও মেন্টর প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য দ্রুত এটুআই বরাবর পত্র প্রেরণসহ প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত ৪: 'Rice Doctor' এর মোবাইল এ্যাপ্লিকেশন ও ওয়েব এ্যাপ্লিকেশন-উভয়ভাবেই করার জন্য মোবাইল এ্যাপস/ওয়েব এ্যাপস তৈরির বিষয়ে অংশীজন হিসেবে এমসিসি লি: এর সাথে মতবিনিময় সভার আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত ৫: ব্রি'র নিজস্ব ফেসবুক গ্রুপ 'ব্রি নেটওয়ার্কস' ও ফেসবুক পেজ এর মাধ্যমে নাগরিক সমস্যা সমাধানসহ যাবতীয় তথ্যাদি আপলোড ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে। এছাড়া ব্রি'র ফেসবুক পেজ নাগরিকদের মাঝে কিভাবে পৌঁছে দেওয়া যায়-এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৬: ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে বিসিসি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনফো সরকার-৩ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত ৭: ব্রি'র জনবল নিয়োগ প্রক্রিয়া টেলিটক মোবাইল কোম্পানীর মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে ব্রি'র পক্ষ থেকে SLA (Service Level Agreement) সম্পন্ন করত: পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত ৮: বাংলাদেশ রাইস নলেজ ব্যাংক (বিআরকেবি) ডোমেইন সংক্রান্ত তথ্য সংশোধন করত: হোস্টিং এর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ২। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৩। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৪। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা), এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৫। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৭। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৮। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৯। সংশ্লিষ্ট নথি।



(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি-গাজীপুর।